DEC. 02 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ........ পৃঃ ৩ ... কলাম... ১......

# ডিগ্রী কলেজগুলোর গবর্নিং বডির চেয়ারম্যানের পদ দখলে এমপিদের পাঁয়তারা

স্টাফ রিপোর্টার ॥ দেশের পাঁচ শতাধিক ডিগ্রী কলেজে গবর্নিং বডির চেয়ারম্যান পদ নিয়ে সৃষ্টি হয়েছে জটিলতা। তত্ত্বাবধায়ক সরকারের আমলে এসব কলেজ থেকে রাজনৈতিক ব্যক্তি বিশেষ করে সংসদ সদস্যদের বাদ দিয়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের গবর্নিং বডির অবশিষ্ট মেয়াদের জন্য চেয়ারম্যান করা হয়। গবর্নিং বডির অবশিষ্ট মেয়াদ থাকতেই নির্বাচিত সংসদ সদস্যরা চেয়ারম্যান পদ দখলের জন্য চেষ্টা শুরু করেছেন। এমতাবস্থায় বিব্রতকর অবস্থায় পড়েছে শিক্ষা মন্ত্রণালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং স্থানীয় প্রশাসন। ইতোমধ্যে জাতীয় বিশ্বদ্যািলয়ে শ'খানেক আবেদন জমা পড়েছে গবর্নিং বডির চেয়ারম্যান পদে এমপিদের মনোনয়ন দেবার জন্য।

তত্ত্বাবধায়ক সরকারের আমলে সংসদ সদস্যদের পদ শূন্য হওয়ায় তাদের ডিগ্রী কলেজের পরিচালনা কমিটি থেকে বাদ দেয়া হয়। পরিবর্তে কমিটির অবশিষ্ট সময়ের জন্য দায়িত্ব দেয়া হয় বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে। নতুন সরকার ক্ষমতায় আসার পর বিষয়টি অমীমাংসিত অবস্থায় ঝুলে আছে। তবে প্রধান দু'টি শিক্ষক সংগঠন শিক্ষক কর্মচারী ঐক্যজোট এবং বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন পৃথক পৃথক সাংবাদিক সম্মেলনে রাজনৈতিক ব্যক্তিকে চেয়ারম্যান বা সভাপতি না করার দাবি জানিয়েছে। এই দু'টি সংগঠনের বিকল্প প্রস্তাব হচ্ছে এই পদে রাজনৈতিক ব্যক্তিদের বদলে এলাকার স্থানীয় শিক্ষাবিদ বা গুণীজনকে অন্তর্ভুক্ত করা। শিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় বিশ্বদ্যািলয়ও চায় না এই পদে রাজনৈতিক ব্যক্তিরা মনোনয়ন পান। কিন্তু নির্বাচিত এমপিরা এখনই তা চাচ্ছেন। এমনকি কোন কোন কলেজ কর্তৃপক্ষও এটা চায়। বিষয়টি নিয়ে এক ঘোলাটে পরিস্থিতি সৃষ্টি হয়েছে।